# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩৮

১/ বিবিধ

আরবী

ثلاث يفرح بهن البدن ويربوعليها: الطيب، والثوب اللين، وشرب العسل

موضوع

رواه ابن حبان في " الضعفاء والمتروكين " (3 / 141) وأبو نعيم (6 / 340) من طريق الطبراني عن محمد بن روح القتيري حدثنا يونس بن هارون الأزدي عن مالك ابن أنس عن أبيه عن جده عن عمر بن الخطاب مرفوعا، وقال أبو نعيم غريب من حديث مالك عن أبيه تفرد به القتيري في الأصل القشيري في الموضعين وهو تصحيف

قلت: والقتيرى هذا بفتح القاف وبعدها مثناة ضبطه ابن ماكولا وغيره، وتصحف على ابن السمعاني فذكره في القنبري، وقال: نسبة إلى قنبر مولى علي رضي الله عنه، منكر الحديث

قلت: قال فيه ابن يونس أيضا: منكر الحديث، وقال الدارقطني فيه وفي شيخه يونس بن هارون ضعيفان، وقال في " غرائب مالك ": لا يصح هذا الحديث عن مالك وقال ابن حبان في ترجمة يونس بن هارون: روى عجائب لا تحل الرواية عنه، ما روى مالك عن أبيه ولا جده شيئا

বাংলা

১৩৮। তিনটি বস্তু দ্বারা শরীর আনন্দিত (পরিতৃপ্ত) হয় এবং তার উপর ভর করেই বৃদ্ধি লাভ করে; সুগন্ধি,

মোলায়েম কাপড় এবং মধু পান করা।

হাদীসটি জাল।

এটিকে ইবনু হিব্বান “আয-যুয়াফা ওয়াল মাতরূকীন" গ্রন্থে (৩/১৪১) এবং আবূ নু'য়াইম (৬/৩৪০) তাবারানী সূত্রে মুহাম্মাদ ইবনু রাওহ আল-কাতাইরী হতে, তিনি ইউনুস ইবনু হারূণ আল-আযদী হতে ... বর্ণনা করেছেন। আবূ নু'য়াইম বলেনঃ মালেক হতে তার পিতার উদ্ধৃতিতে হাদীসটি গরীব। মুহাম্মাদ ইবনু রাওহ এককভাবে এটি বর্ণনা করেছেন। ইবনুস সামায়ানী মুহাম্মাদ ইবনু রাওহ সম্পর্কে বলেনঃ তিনি মুনকারুল হাদীস।

আমি (আলবানী) বলছিঃ ইবনু ইউনুসও বলেছেনঃ তিনি মুনকারুল হাদীস।

দারাকুতনী তার এবং তার শাইখ ইউনুস ইবনু হারূণ সম্পর্কে বলেনঃ তারা দু'জনই দুর্বল। তিনি “গারায়েবে মালেক” গ্রন্থে বলেনঃ মালেক হতে হাদীসটি সহীহ নয়।

ইবনু হিব্বান বলেনঃ ইউনুস আশ্চর্যজনক কিছু বর্ণনা করেছেন। তার থেকে বর্ণনা করাই হালাল নয়। মালেক তার পিতা ও তার দাদা হতে কিছুই বর্ণনা করেননি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5399

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন